# খলিশাডাঙ্গার কন্যা

রবি বাঙালি



# খলিশাডাঙ্গার কন্যা

রবি বাঙালি

হাজেরা ফাউন্ডেশন
নিতাইনগর, বড়াইগ্রাম, নাটোর ।

**প্রকাশক**
মোছা. নুপুর খাতুন
হাজেরা ফাউণ্ডেশন
নিতাইনগর,বড়াইগ্রাম,নাটোর,বাংলাদেশ।
মোবাইল ঃ ০১৭১৪-২৫৮৯৮৮
E-mail : awal7048@gmail.com

**প্রথম প্রকাশ**
অমর একুশে বই মেলা, ২০২৪(৯ ফাল্গুন, ১৪৩০)

**গ্রন্থস্বত্ব**
গ্রন্থকার কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

**প্রচ্ছদ**
বিপ্লব

**কম্পিউটার কম্পোজ**
হাজেরা ফাউণ্ডেশন
নিতাইনগর, বড়াইগ্রাম, নাটোর,বাংলাদেশ।

**মূদ্রণ**
প্যাপিরাস অফসেট প্রেস
ঘাসিপাড়া, দিনাজপুর।

**মূল্য**
২০০.০০ (দুই শত) টাকা

**পরিবেশক :**
বুক ফেয়ার
শিকদার ম্যানশন, ১২ বাংলা বাজার, ঢাকা-১১০০।
অনলাইন পরিবেশক : www.rokomari.com

Title of the Book (English): Kholishadangar Konaya
Name Of the Author: Rabi Bangali
Name of the Publisher: Hazera Foundation Nitainagar, Boraigram, Natore
Place of Publication: Natore Year of Publication: 2024-02-21 ISBN Number: 978-984-35-5364-5
Price : $ 3 (USD)

# উৎসর্গ



আবরার আওয়াল (কিরণ বাঙালি) কে

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ০১. মন বদলে মন | ৬ |
| ০২. অলি চায় মধু | ৭ |
| ০৩. চোখ ছুঁয়ে ছিল কথা | ৮ |
| ০৪. যৌবনে মৌবনে | ৯ |
| ০৫. মন মানসী | ১০ |
| ০৬. বুক চিরে দেখো | ১১ |
| ০৭. প্রথম প্রেম | ১২ |
| ০৮. গোলাপ ফুল | ১৩ |
| ০৯. প্রেমের গতি- প্রকৃতি | ১৪ |
| ১০. মনের স্বজন | ১৫ |
| ১১. অবশেষে পেলাম | ১৬ |
| ১২. রূপের মায়া | ১৭ |
| ১৩. রোদেলা বেলা | ১৭ |
| ১৪. সন্ধ্যামণির জন্য পরান পুড়ে | ১৮ |
| ১৫. সত্যি করে বলছি | ১৯ |
| ১৬. দিব্যি | ২০ |
| ১৭. স্ত্রৈণ | ২১ |
| ১৮. খলসিডাঙ্গার কন্যা (পর্ব- ১) | ২২ |
| ১৯. খলসিডাঙ্গার কন্যা (পর্ব- ২) | ২৩ |
| ২০. খলসিডাঙ্গার কন্যা (পর্ব- ৩) | ২৪ |
| ২১. খলসিডাঙ্গার কন্যা (পর্ব- ৪) | ২৫ |
| ২২. খলসিডাঙ্গার কন্যা (পর্ব- ৫) | ২৬ |
| ২৩. খলসিডাঙ্গার মাঝি | ২৭ |
| ২৪. মন পাখি | ২৮ |
| ২৫. মন জুড়ে প্রিয়া তুমি | ২৯ |
| ২৬. ভালোবাসা | ৩০ |
| ২৭. ছলনা | ৩১ |
| ২৮. প্রেম বিরহ সহেনা | ৩২ |
| ২৯. বাদলা দিনে | ৩৩ |
| ৩০. জেগে আছি একা | ৩৪ |
| ৩১. নববর্ষের প্রত্যাশা | ৩৫ |

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ৩২. এসো নিঃশব্দে | ৩৬ |
| ৩৩. ভাই বন্ধুর মেলা দেখা | ৩৭ |
| ৩৪. প্রেম প্রণয় | ৩৮ |
| ৩৫. বেকার জামাই | ৩৮ |
| ৩৬. চল্লিশ বছর পরে | ৩৯ |
| ৩৭. তুমি এলে | ৪০ |
| ৩৮. একটুও নেই আড়ি | ৪১ |
| ৩৯. ক্ষমিও | ৪২ |
| ৪০. আইসো বন্ধু একটুও ভুলিনি | ৪৪ |
| ৪১. আঁধারে ডুবছি | ৪৫ |
| ৪২. খুঁজে ফিরি | ৪৬ |
| ৪৩. টানছি প্রেমের ঘানী | ৪৭ |
| ৪৪. কে তুমি বন্ধু | ৪৮ |
| ৪৫. ইচ্ছে করে | ৪৯ |
| ৪৬. বন্ধু | ৫০ |
| ৪৭. স্বজন হও | ৫১ |
| ৪৮. প্রেম সুধা | ৫১ |
| ৪৯. নেশা-১ | ৫২ |
| ৫০. নেশা-২ | ৫৩ |
| ৫১. স্বপ্ন ভাঙ্গা গান | ৫৪ |
| ৫২. নির্ভেজাল বন্ধু | ৫৫ |
| ৫৩. বটবৃক্ষ | ৫৬ |
| ৫৪. খুকি ও কাঠবিড়ালি | ৫৬ |
| ৫৫. বন্ধু মানে নির্ভরতা | ৫৭ |
| ৫৬. হে কবি | ৫৮ |
| ৫৭. কাঁদো ফিলিস্তিনি কাঁদো | ৫৯ |
| ৫৮. এসো মীমাংসাতে | ৬০ |
| ৫৯. চেন্নাই মেল | ৬১ |
| ৬০. সাজেক ভেলী | ৬২ |
| ৬১. প্রেয়সী হৈমন্তী | ৬৩ |
| ৬২. নাটোর এসে বেড়ায় যান | ৬৪ |

## মন বদলে মন

টাকা দিলে সবই মিলে
মনটা তবে নয়,
মনটা পেতে মনটা দিতে
মনের মানুষ হয়।

মনের মানুষ হোক না শ্যামল
তবু মনে রয়,
ভালবাসার মধুর ছোঁয়ায়
পরান করে জয়।

টাকার জোরে যায় না কেনা
ছোট্ট মনের সুখ,
এরেই বলে ভালবাসা
দুখে পাতে বুক।

হাট বাজারে পণ্য মিলে
দেহ বাজারে ঢঙ,
প্রেমতো নয় রঙ মহলে
পাবে শুধু সঙ।

টাকায় পাবে বাড়ি নারী
পাবে নাতো মন,
মন তো হয় না বেঁচাকেনা
অমূল্য যে ধন।

টাকায় পাবে মঞ্চে আসন
চিতা বাঘের চোখ,
যতই হও টাকার কুমির
মিলে না মনের লোক।

টাকায় মিলে বন্ধু স্বজন
যখন সুখের দিন,
দুঃখের সময় কেউ থাকে না
বাজে করুন বীন।

প্রেম টেকে না টাকার বলে
মন না হলে ক্ষয়,
ভবের হাটে মনের মানুষ
দাম দিয়ে কি হয়?

মানুষ ছুটছে টাকার পিছে
কিনতে খুঁজে প্রেম,
বেলা শেষে প্রাপ্তি হল
শূন্য ফলের গেম।

## অলি চায় মধু

কুসুমের বাগে ছোটে অনুরাগে
মধুমক্ষিকা রাণী
ফুলে ফুলে আসি মধু খায় হাসি
মেটায় যে ক্ষুধা খানি।

মধু পিয়ে ভূখে  উড়ে যায় সুখে
গুণগুণ গেয়ে গান,
জাগে বসন্তে বন বনান্তে
মৌচাকে মধুর বান।

# চোখ ছুঁয়ে ছিল কথা

প্রেম ভেবে খেলা, মন করে হেলা
কিসে দোষ ছিল প্রিয়া,
নীল বেদনায় দুখ মোহনায়
নীরবে কাঁদে যে হিয়া।

আর নেই আশা হতাশার বাসা
নেশার জগতে ডুবি,
অনামিশা ঘোরে স্বপ্নের দোরে
আজ ডুবে গেছে রবি।

ওরে প্রাণ সখা পড়ে আছি একা
বুক ভরা নিয়ে ব্যথা,
যাবে নাতো ছেড়ে ঝড় এলে তেড়ে
চোখ ছুঁয়ে ছিল কথা।

কালস্রোত বাটে জীবনের ঘাটে
আজ কেউ নই কারো,
আছো অন্য বুকে মন ভরা সুখে
সাজালে বাগান আরো।

অন্তরে ঢালা বিষাদের জ্বালা
ধুঁকেধুঁকে যাই মরে,
বুঝবে যে দিন কাঁদবে সে দিন
রব না ভবের ঘরে।

তারিখ ঃ ১৯/১১/২৩

## যৌবনে মৌবনে

ফাগুন রঙে মন মৌবনে
যৌবনে প্রেম ভাসায়,
রঙ বে-রঙের স্বপ্ন বুনায়
সুখ আনন্দ আশায়।

মন বসন্তে জীবন রাঙায়
পাখির গান আর ফুলে,
রসিক নাগর সুজন তরী
ভেড়ায় মনের কূলে।

যৌবনে মন উতাল পাতাল
জোয়ার ভাটার টানে,
আলিঙ্গনে মধু লুটে
অলি সুখের গানে।

ঘুম আসে না মন বসে না
প্রেমের ঝড়ে উড়ি,
জাত মানে না কুল চেনে না
মতি ভ্রমে ঘুরি।

যৌবন আজ মন বসন্তে
মাতাল হাওয়ার তালে,
মন সারথী পরশ বুলায়
প্রেমের রঙিন পালে।